



দমপোক্তে ধরা
রয়েছে নবাবি
হৈশেলের
স্বাদ-গন্ধ

XXCE

আনন্দবাজার পত্রিকা

বঙ্গপ্রবণ

শনিবার ২৩ নভেম্বর ২০২৪



পশ্চিম পোশাকে দেশজ ঐতিহ্য

চিরন্তনী বালুচরি,
স্বর্ণচরিকে নতুন রূপ
দিচ্ছেন পোশাকশিল্পীরা

সে কাল হোক বা এ কাল—
ফ্যাশনের অনন্ত সহচরী
রংবেরঙের বালুচরি।
তার আঁচল, সময় ও
সৌন্দর্যের আকর। সেখানে সূতোর বুননে
ধরা পড়ে ইতিহাস, পুরাণ। জীবন্ত হয়ে
ওঠে প্রকৃতি। বালুচরি শাড়ির সঙ্গে
জড়িয়ে রয়েছে বাঙালির আবেগ।
বাঙালি বিয়েতে মেয়ের তব্ধে
একখানা বালুচরি শাড়ি
থাকবেই। বালুচরিতে
সূতোর নকশায় বদল এনে
শিল্পীরা সোনালি জরির
ব্যবহার শুরু করেন।
এ ভাবেই শুরু হয়
স্বর্ণচরির যাত্রা।
একটা সময়ে
বালুচরির
ডিজাইন মানেই
রাম-সীতা, রাধা-কৃষ্ণ,
নল-দময়ন্তীর কথা মনে
করা হত। কিন্তু সময়ের সঙ্গে
ডিজাইনের বৈচিত্র্যে বদল আসে।
নৌকা, রেলগাড়ির মতো মোটিফ
গুরুত্ব পেতে থাকে। কক্ষা, বুটির
ব্যবহারও শুরু হয়। নবাবের
অন্দরমহল, জমিদার গিমির
আলমারি থেকে আজকের আধুনিকা...



বালুচরির শর্ট
ড্রেসের সঙ্গে
ওভারলে



কলি জ্যাকেটে
বালুচরির প্যাচওয়ার্ক

সকলের সংগ্রহেই দীর্ঘ দিন
নিজের দাপট বজায় রেখেছে
বালুচরি-স্বর্ণচরি। বাংলার
শিল্পীর এই সৃষ্টি পশ্চিমী
কাটের পোশাকেও
নিজের জায়গা তৈরি
করেছে। বালুচরি বা
স্বর্ণচরির জ্যাকেট, শর্ট
ড্রেস, প্যান্টস মন জিতে
নিয়েছে তরুণ প্রজন্মের।
প্রায় দশ বছর
ধরে বালুচরি-স্বর্ণচরি
নিয়েই নানা রকম
পোশাক তৈরি করছেন
ডিজাইনার চান্দ্রী

মুখোপাধ্যায়। বলছিলেন, “আমি কোনও
দিনই শাড়িতে খুব একটা স্বচ্ছন্দ ছিলাম
না। অথচ বাংলার ঐতিহ্য খুব টানত
আমাকে। মায়ের পুরনো বালুচরি শাড়ি
দিয়ে নিজের জন্য কয়েকটা ড্রেস বানাই।
সকলে খুব প্রশংসা করে। তার পর থেকে
এই ফ্যাট্রিক নিয়েই কাজে লেগে পড়লাম।
জ্যাকেট থেকে ড্রেস, রিসটওয়্যার থেকে
ব্রাইডাল গাউন ফ্যাশনিস্তাদের দারুণ
পছন্দ এই কালেকশন।” ব্যাঙ্গালোর
ফ্যাশন উইকে নিজের প্রথম কালেকশন
লঞ্চ করেছিলেন তিনি।
কী ভাবে বালুচরি আধুনিক রূপ
নিয়েছে, তা ধরা পড়েছে চান্দ্রীর নতুন
সংগ্রহে। ডিজাইনারের তৈরি শর্ট ড্রেস

হোক বা রিসটওয়্যার... সবেতেই
স্বচ্ছন্দ পত্রিকার মডেল শ্রীলগা
বন্দ্যোপাধ্যায় ও অনুরাধা মুখোপাধ্যায়।
শীত তার আগমন বার্তা জানান দিচ্ছে।
এই সময়টা সাজাগোজের জন্য আদর্শ।
ডিজাইনারের কথায়, “এই মরসুমের
কথা ভেবেই আমার নতুন কালেকশন
‘রাগা’। বালুচরি-স্বর্ণচরির উজ্জ্বল
রঙের ব্যবহার হোক বা কারুকাজের
বৈচিত্র্য... শীতের মরসুমই তো সেরা
সময় নিজেকে সাজিয়ে তোলার।”
শ্রীলগার অ্যাসিমট্রিক্যাল
ওভারলে-র উপরে ফুটে উঠেছে রাজা-
রানির গল্প। শর্ট ড্রেসের সঙ্গে ওভারলে
এই আবহাওয়ায় দিবি মানানসই।
অনুরাধা পরেছিলেন সিল্কের সলিড
ক্রপ টপ ও প্যান্টস, সঙ্গে বয়ফ্রেন্ড
জ্যাকেট। সেই জ্যাকেটের ক্যানভাসে
ফুটে উঠেছে শকুন্তলা-দুহন্তের প্রেম ও
সাঁওতালি মেয়ের নাচের ছবি। বালুচরি
ফ্যাট্রিক এতটাই জমকালো যে তা
দিয়ে তৈরি পোশাকের সঙ্গে ছিমছাম
সাজই বেশি মানানসই। তাই শ্রীলগাও
ওয়ান শোল্ডার রিসটওয়্যারের সঙ্গে
দুল ছাড়া কোনও অ্যাকসেসরি
ব্যবহার করেননি। এই পোশাকের
আকর্ষণ এর গলার কাটা। ককটেল
পার্টির জন্য এ পোশাক আদর্শ।
মডেলের কালে স্বর্ণচরি মিড



মিড লেংথ
ড্রেসে স্বর্ণচরি



বালুচরি দিয়ে তৈরি
বয়ফ্রেন্ড জ্যাকেট

লেংথ ড্রেসে হালকা কারুকাজে ধরা
পড়েছে শকুন্তলার কাহিনি। বালুচরির
প্যাচওয়ার্ক আলাদা করেছে অনুরাধার
পরনের কলি জ্যাকেটটিকে। বালুচরির
ক্রপড টপ ও সাইড ব্লিট স্কাটেও
শকুন্তলার গল্পের ছোঁয়া। চান্দ্রী চান,
তার পোশাকে কমফর্ট ও আনুভবিক
দুটাই ফুটে উঠুক। কোভিড পরবর্তী
সময়ে পোশাকশিল্পীরা তাঁদের সন্তানের
মাধ্যমে সাসটেনেবল ফ্যাশনের বার্তাও
দিচ্ছেন। তাই আলমারিতে শাড়ি তুলে
না রেখে, যাতে মাঝেমাঝেই পরা যায়
এমন ভাবে তা দিয়ে পোশাক তৈরি
করতে পারেন। বালুচরি-স্বর্ণচরির
পাড়ের মাধুর্যই আলাদা। তা দিয়ে
ব্লাউজ, ড্রেসের হাতাও বানাতে যায়।
বর্ণময় আঁচল দিয়ে শর্ট স্কাট, ড্রেস
করিয়ে নিতে পারেন। বানিয়ে নিতে
পারেন করসেট, জ্যাকেটও। শাড়ি
কেটে প্যান্টস বানাতে পারেন। তবে

নবাবের অন্দরমহল,
জমিদার গিমির আলমারি
থেকে আজকের আধুনিকা...
বালুচরি-স্বর্ণচরি স্বমহিমায়
বিরাজমান

চান্দ্রী জানালেন, তিনি শাড়ি কেটে
পোশাক তৈরি করেন না। তাঁর কথায়,
“আমি তাঁতিদের কাছ থেকে কাপড়
নিই। ওদের ডিজাইন বলে দিই। তাঁতিরা
বুনে দেয়।” এতে পোশাকে নতুন
ফ্যাট্রিকের জৌলুসও বজায় থাকে।
বাংলার ঐতিহ্যকে বাঁচিয়ে রাখার
দায় আমাদেরই। সেটা শাড়ির মাধ্যমে
হোক বা অন্য কোনও ভাবে। কয়েকশো
বছরের শিল্পকে যদি আধুনিক পন্থায়
নতুন ভাবে উপস্থাপন করা যায়, তাতে
ক্ষতি কী!

ঐঙ্গিতা বসু

মডেল: শ্রীলগা বন্দ্যোপাধ্যায়,
অনুরাধা মুখোপাধ্যায়; ছবি:
সায়ন্তন দত্ত; পোশাক: চান্দ্রী
মুখোপাধ্যায় ডিজাইনস; মেকআপ:
নব মাইতি; হেয়ার: সূজয়
বণিক; জুয়েলারি: অঞ্জলি জুয়েলার্স,
ডিভাস জুয়েলারি বাই প্রিয়ঙ্কা
বন্দ্যোপাধ্যায়; লোকেশন: বৈদিক
ভিলেজ স্পা রিসর্ট